

H.S. PRE-FINAL EXAMINATION, 2021-22**ADVANCE BENGALI****Full Marks : 100****Time : Three hours****১। অতি সংক্ষিপ্ত উত্তর দাও :** $12 \times 2 = 24$

(ক) “মেদনী বিদার দেউ পসিআঁ লুকাওঁ।”

‘মেদনী’ শব্দের অর্থ লেখো।

(খ) “কন্যা দেখি দিজ কিবা হইল অজ্ঞান।” — ‘দিজ’ শব্দের অর্থ কী?

(গ) ‘হায় চিল’ কবিতাটি কার রচনা?

(ঘ) “মনুষ্যজীবন —— অত্যাচারে পরিপূর্ণ।”

(ঙ) ‘পনেরো-আনা’ প্রবন্ধের লেখক কে?

(চ) ‘বনফুল’ কোন লেখকের ছন্দ নাম?

(ছ) ‘দিবা দ্বিপ্রহরে’ গল্পের সাপটি কোথায় আত্মগোপন করেছিল?

(জ) ‘মেজদিদি’ গল্পে মেজদির প্রকৃত নাম কী?

(ঝ) “খেলার পরীক্ষা তো চুক্তে এবার কাজের পরীক্ষা হোক।”

— উক্তিটি কোন পাঠ থেকে নেওয়া হয়েছে?

(ঝঃ) ‘এ মুকুট আমার নয়।’ — বক্তার নাম কী?

(ট) একই শব্দ একই স্বরধ্বনি সমেত ভিন্ন-ভিন্ন অর্থে একাধিকবার ব্যবহৃত হলে কী অলংকার হয়?

(ঠ) অক্ষর কাকে বলে?

২। সংক্ষিপ্ত উত্তর দাও: $16 \times 2 = 32$

(ক) “আবার বারএ মোর নয়নের পাণী।” — কার নয়নের পাণী বরছে এবং কেন?

(খ) “লইছে যে তব নাম বঙ্গের সঙ্গীতে।” — বাক্যটি কোন কবিতার অন্তর্গত? কার নামের কথা বলা হয়েছে?

Contd.

- (গ) ‘মানুষ দুই শ্রেণীতে বিভক্ত’ — শ্রেণি দুটি কী ?
- (ঘ) “যে ভালোবাসে, সেই অত্যাচার করে।” — উদ্ধৃতিটি কোন লেখকের এবং কোন পাঠ থেকে নেওয়া হয়েছে ?
- (ঙ) “এবেলা কেষ্ট আর পাঁচগোপাল আমার ওখানে খাবে দিদি।” কে এবং কাকে একথা বলেছে ?
- (চ) ‘মেজদিদি’ পাঠটির লেখক কে ? মেজদিদির স্বামীর নাম কী ?
- (ছ) “তোমার দাদার বুদ্ধি তীরের মুখে কেন খেলে না তা জান ? বুদ্ধিটা তেমন সূক্ষ্ম নয়।” — উদ্ধৃত উক্তিটি কোন পাঠ থেকে নেওয়া হয়েছে ? পাঠটির লেখকের নাম লেখো।
- (জ) “খেলার পরীক্ষা তো চুকেছে, এবার কাজের পরীক্ষা হোক।” — কে, কোন প্রসঙ্গে একথা বলেছে ?
- (ঝ) ‘তুমি আর নাকো উড়ে উড়ে — — — পাশে।’ (শূন্যস্থান পূরণ করো)
- (ঝঃ) ‘দিবা দ্বিপ্রহরে’ গল্পটিতে গোখরো সাপ কাকে কাকে কামড়েছিল ?
- (ট) হেমাঙ্গিনীর ছেলে ও মেয়ের নাম কী ?
- (ঠ) “আসল কথা এই যে, মানুষের দেহ-মনের সকল প্রকার ক্রিয়ার মধ্যে ক্রীড়া শ্রেষ্ঠ।” — ‘ক্রিয়া’ ও ‘ক্রীড়া’ শব্দ দুটির অর্থ লেখো।
- (ড) ‘যে আমাদের খরচ করিবার সঙ্গী সেই আমাদের শ্রেষ্ঠ বন্ধু।’ — বক্তা কে ? খরচ করিবার সঙ্গী কে ?
- (ঢ) ধ্বনিপ্রধান ছন্দে স্বরান্ত অক্ষর ও হলান্ত অক্ষর কয় মাত্রার হয় ?
- (ণ) উৎপ্রেক্ষা অলংকার কাকে বলে ?
- (ত) ‘ঁান্দের মতো সুন্দর মুখ।’ — যুক্তিসংহ অলংকার নির্ণয় করো।

৩। নীচের প্রশ্নগুলির উত্তর দাও :

$$8 \times 9 = 33$$

- (ক) “পাখি নহোঁ তার ঠাণ্ডি উড়ী পড়ি জাও” — পংক্তিটি কোন কবিতার অন্তর্গত ? ‘তার’ বলতে কার কথা বলা হয়েছে ? ‘ঠাণ্ডি’ শব্দের অর্থ লেখো।
- (খ) “কন্যা দেখি দিজ কিবা হইল অজ্ঞান।
বাতুল হইল কিবা করি অনুমান।।” — কোন কবিতা থেকে উদ্ধৃতিটি গ্রহণ করা হয়েছে ? ‘বাতুল’ কাকে বলা হয়েছে, সপ্তসঙ্গ আলোচনা করো।

- (গ) 'হায় চিল' কবিতাটির মর্মার্থ সংক্ষেপে লেখো।
- (ঘ) "এখানে দশরথ স্বার্থপরতাশূন্য নহেন।" — উক্তিটি কোন রচনার অংশ? দশরথকে কেন স্বার্থপর বলা হয়েছে পাঠে?
- (ঙ) "আমরা যাহাকে ব্যর্থ বলি, প্রকৃতির অধিকাংশই তাই।" — উক্তিটির কারণ নির্দেশ করো।
- (চ) 'ডাঙ্গারিতে কিছু হবে না, কিন্তু হবে না।' — বস্তার চেহারার বর্ণনা দাও।
- (ছ) "পাঁচুগোপাল বলিল, জানে মেজ খুড়ীমার অসুখ শরীর — সন্ধ্যা হলেই ঘুমিয়ে পড়েন, — ও কি কম চালাক!" — পাঁচুগোপাল কাকে উদ্দেশ করে কথাটি বলেছে? কেন বলেছে?
- (জ) 'সমস্ত দুপুর দোকান পালিয়ে কোথায় ছিলিবে কেষ্ট?' — কেষ্টকে এই প্রশ্নটি কে করেছে? কেষ্ট দোকান থেকে পালিয়ে কোথায় গিয়েছিল?
- (ঝ) যেকোনো দুটি অলংকারের উদাহরণসহ সংজ্ঞা দাও :
- শ্লেষ; উপমা; উৎপ্রেক্ষা; সমাসোক্তি।

৪। নীচের যেকোনো চারটি প্রশ্নের উত্তর দাও :

$5 \times 4 = 20$

- (ক) 'বিপ্রবেশে অর্জুন' কবিতাটিতে রাজসভায় বিপ্রবেশী অর্জুনকে দেখে ক্ষত্রিয়দের মধ্যে যে প্রতিক্রিয়ার সৃষ্টি হয়েছিল, পাঠ্য কবিতা অবলম্বনে সংক্ষেপে যে বিষয়ে আলোচনা করো।
- (খ) 'দিবা দ্বিপ্রহরে' গল্পে বনফুল অঙ্গবিশ্বাস ও কুসংস্কারের ফলে মানুষের দুর্ভোগের যে ছবি এঁকেছেন তা সংক্ষেপে বর্ণনা করো।
- (গ) রাজধর চরিত্রটি আলোচনা করো।
- (ঘ) টীকা লেখো — ঈশা থাঁ, ইন্দ্রকুমার।
- (ঙ) শ্বাসাঘাতপ্রধান ছন্দের যোকোনো পাঁচটি বৈশিষ্ট্য লেখো।
- (চ) ছন্দোলিপি প্রস্তুত করো :
- কে মেরেছে কে ধরেছে কে দিয়েছে গাল।
তাই-তো খুকু রাগ করেছে ভাত খায়নি কাল।।

